ঢাকায় সড়ক দুর্ঘটনায় এসআই নিহত , বেড়ায় শোকের ছায়া

বেড়া প্রতিনিধি: সড়ক দুর্ঘটনায়
গুলশান পুলিশ ফাঁড়ির ইনচার্জ
সাইফুল ইসলাম (৩৮) নিহত হওয়ায়
তার নিজ গ্রামের বাড়ি পাবনার বেড়া
পৌর এলাকার দত্তকান্দিতে চলছে
শোকের মাতম।

রবিবার (১৫ মে) মধ্যরাতে রাজধানীর এয়ারপোর্ট রোডের খিলক্ষেত লা মেরিডিয়ান হোটেলের সামনে সড়ক দুর্ঘটনায় এসআই সাইফুল ইসলাম নিহত হন।

ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ময়না তদন্ত শেষে সোমবার (১৬ মে) সকাল ১০টায় তার লাশ তার গ্রামের বাড়িতে পৌছালে এলাকায় শোকের ছায়া নেমে আসে।

নিহত সাইফুল ইসলাম বেড়া পৌর এলাকার মোঃ লোকমান মাষ্টারের ছেলে। পুর্বে তাদের বাড়ি ছিল সিরাজগঞ্জের শাহজাদপুর উপজেলার করশালিকা গ্রামে। বাবার কর্ম সুত্রে বেড়া পৌর এলাকার দত্তকান্দি মহল্লায় বাড়ি করে তারা।

দুই ভাই দুই বোনের মধ্যে সাইফুল ছিলেন সবার বড়। সাইফুল মাষ্টার্স পাশ করে ভাগ্যবদলের জন্য ২০০৬ সালে বাংলাদেশ পুলিশে এস আই পদে যোগদান করে নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করছিলেন।